

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৩৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্টা

পরিচ্ছেদঃ ১৮. প্রথম অনুচ্ছেদ - কুড়িয়ে পাওয়া দ্রব্য-সামগ্রী

بَابُ اللُّقْطَةِ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ آوَى ضَالَّةً فَهُوَ ضَالٌ مَا لم يعرفهَا» . رَوَاهُ مُسلم

বাংলা

৩০৩৪-[২] উক্ত রাবী [যায়দ ইবনু খালিদ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে হারানো পশুকে আশ্রয় দিয়েছে সে নিজেই পথহারা, যতক্ষণ পর্যন্ত না সে তার প্রচার করে। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৭২৫, আহমাদ ১৭০৫৫, সহীহ ইবনু হিব্বান ৪৮৯৭, সহীহ আল জামি' ৬৯২৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ أَوَى ضَالَّةً فَهُوَ ضَالٌ مَا لَمْ يَعْرِفْهَا) অর্থাৎ- যে ব্যক্তি হারানো পশুকে আশ্রয় দিবে, অতঃপর যতক্ষণ পর্যন্ত ঐ সম্পর্কে মানুষকে অবহিত না করবে ততক্ষণ পর্যন্ত সেও পথভ্রষ্ট। আর সে হারানো বস্তুর মালিকানা গ্রহণ করবে না। خال (ভ্রষ্ট) দ্বারা উদ্দেশ্য সঠিকতা থেকে বিচ্ছিন্ন। অধ্যায়ের সকল হাদীসে ঐ ব্যাপারে প্রমাণ রয়েছে যে, হারানো বস্তু কুড়ানো এবং তার মালিক হওয়া বিচারকের হুকুমের মুখাপেক্ষী না এবং বাদশাহর হুকুমেরও মুখাপেক্ষী না- এ ব্যাপারে সবাই একমত। এতে আছে- ধনী এবং দরিদ্রের মাঝে কোনো পার্থক্য নেই। এটা আমাদের এবং জুমহুরের অভিমত। (শারহে মুসলিম ১১/১২শ খন্ড, হাঃ ১৭২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন